

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১১৩৫

পর্ব - ৮ঃ বিবাহ (১যা)

পরিচ্ছেদঃ ১২. সন্তানকে দুধ খাওয়ান প্রসঙ্গ - কী পরিমাণ এবং কত সময় দুধ পান করলে হারাম সাব্যস্ত হবে

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «لَا رَضَاعَ إِلَّا مَا أَنْشَزَ الْعَظْمَ, وَأَنْبَتَ اللَّحْمَ». رَوَاهُ أَبُو دَاوُدَ

ضعيف. رواه أبو داود (2060) بسند فيه ثلاثة مجاهيل

বাংলা

১১৩৫। ইবনু মাস'উদ (রাঃ) হতে বর্ণিত; তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে দুধ পান দ্বারা হাড় বর্ধিত হয় এবং মাংস বৃদ্ধি পায় এমন দুধ পান করা ব্যতীত সম্পর্ক সাব্যস্ত হয় না।[1]

ফুটনোট

[1] আবৃ দাউদ ২০৬০, আহমাদ ৪১০৩। ইমাম শাওকানী তাঁর সাইলুল জাররার ২/৪৬৭ গ্রন্থে বলেন, এটি মারফু হিসেবে বর্ণিত হয়েছে। এর সানাদে দুজন অপরিচিত রাবী রয়েছেন। শাইখ আলবানী যঈফ আল জামে ৬২৯০, ইরওয়াউল গালীল ২১৫৩ গ্রন্থবয়ে একে দুর্বল বলেছেন। যঈফ, আবৃ দাউদে ২০৬০ বলেন, দুর্বল, তবে সঠিক হচ্ছে হাদীসটি মাওকুফ। এটি দুর্বল ইবনু উসাইমীন তাঁর আশ শারহুল মুমতি ১৩/৪৩২ গ্রন্থে বলেন, এর মধ্যে দুজন অপরিচিত বর্ণনাকারী রয়েছে। হাফিয ইবনু হাজার আসকালানী তাঁর আত-তালখীসুল হাবীর ৪/১২৯৬ গ্রন্থে বর্লেন, আবৃ মূসা ও তাঁর পিতাকে আবৃ হাতিম অপরিচিত বর্ণনাকারী হিসেবে আখ্যায়িত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন